

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৬৪৭

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১০৬. যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন করা সম্পর্কে

بَابٌ فِي التَّوَلِّي يَوْمَ الزَّحْفِ

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ أَبِي زِيَادٍ، أَنَّ عَبْدَ الرَّحْمَنِ بْنَ أَبِي لَيْلَى حَدَّثَهُ، أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ حَدَّثَهُ، أَنَّهُ كَانَ فِي سَرِيَّةٍ مِنْ سَرَايَا رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَلَمَّا بَرَزْنَا قُلْنَا: اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فَلَمَّا بَرَزْنَا قُلْنَا: كَيْفَ نَصِنْنَعُ وَقَدْ فَرَرْنَا مِنَ الزَّحْفِ وَبُونْنَا بِالْغَضَيَبِ؟ فَقُلْنَا: نَدْخُلُ الْمَدِينَةَ فَنَتَثَبَّتُ فِيها كَيْفَ نَصِنْنَعُ وَقَدْ فَرَرْنَا مِنَ الزَّحْفِ وَبُونْنَا بِالْغَضَيَبِ؟ فَقُلْنَا: نَدْخُلُ الْمَدِينَةَ فَنَتَثَبَّتُ فِيها وَنَدْهَبُ وَلَا يَرَانَا أَحَدٌ. قَالَ: فَدَخَلْنَا فَقُلْنَا: لَوْ عَرَضْنَا أَنْفُسَنَا عَلَى رَسُولِ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَبْلَ صَلَاةِ الْفَجْرِ، فَلَمَّا خَرَجَ قُمْنَا إِلَيْهِ فَقُلْنَا: نَحْنُ الْفَرَّارُونَ الْفَرَّارُونَ فَالَا إِلَيْهِ فَقُلْنَا: نَحْنُ الْفَرَّارُونَ فَقَالَ: إِنَّا فِئَةُ الْمُسْلِمِينَ فَقَالَ: إِلَيْنَا فَقَالَ: إِنَّا فِئَةُ الْمُسْلِمِينَ

ضعيف

#### বাংলা

২৬৪৭। 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক প্রেরিত কোনো এক সামরিক অভিযানকারী দলের সঙ্গে ছিলেন। তিনি বলেন, সৈন্যরা (কৌশলগত কারণে) পলায়ন করলে 'আমিও তাদের সাথে আত্মগোপন করি। অতঃপর বিপদমুক্ত হয়ে বাইরে এসে পরামর্শ করি, এখন কি করা যায়? 'আমরা তো যুদ্ধক্ষেত্র থেকে পালানোর কারণে আল্লাহর অসম্ভিষ্টির পাত্র হয়েছি। 'আমরা বললাম, চলো 'আমরা মদীনাহ গিয়ে আত্মগোপন করে থাকি যেন কেউ আমাদের দেখতে না পায়। দ্বিতীয়বার জিহাদের সুযোগ এলে 'আমরা তাতে যোগদান করবো।

ইবনু 'উমার (রাঃ) বলেন, অতঃপর 'আমরা মদীনায় প্রবেশ করে পরস্পর বলাবলি করলাম, 'আমরা যদি নিজেদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সামনে পেশ করি এবং আমাদের জন্য যদি তওবার



সুযোগ থাকে তাহলে মদীনায় থেকে যাবো। এর বিপরীত কিছু হলে মদীনাহ ছেড়ে চলে যাবো। তিনি (ইবনু 'উমার) বলেন, 'আমরা ফজরের সালাতের পূর্বেই (মসজিদে) গিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অপেক্ষায় বসে থাকলাম। অতঃপর তিনি বেরিয়ে এলে 'আমরা দাঁড়িয়ে বললাম, 'আমরা তো পলাতক সৈনিক। তিনি আমাদের দিকে মুখ ফিরিয়ে বললেনঃ না, বরং তোমরা পুনরায় যুদ্ধে যোগদানকারী। ইবনু 'উমার (রাঃ) বলেন, অতঃপর 'আমরা তাঁর কাছে গিয়ে তাঁর হাতে চুমু দিলাম। তিনি বললেনঃ আমি মুসলিমের আশ্রয়স্থল।[1]

### **English**

#### Narrated Abdullah ibn Umar:

Ibn Umar was sent with a detachment of the Messenger of Allah (ﷺ). The people wheeled round in flight. He said: I was one of those who wheeled round in flight. When we stopped, we said (i.e. thought): How should we do? We have run away from the battlefield and deserve Allah's wrath. Then we said (thought): Let us enter Medina, stay there, and go there while no one sees us. So we entered (Medina) and thought: If we present ourselves before the Messenger of Allah (ﷺ), and if there is a change of repentance for us, we shall stay; if there is something else, we shall go away. So we sat down (waiting) for the Messenger of Allah (ﷺ) before the dawn prayer. When he came out, we stood up to him and said: We are the ones who have fled. He turned to us and said: No, you are the ones who return to fight after wheeling away. We then approached and kissed his hand, and he said; I am the main body of the Muslims.

## ফুটনোট

[1]. দুর্বলঃ ইরওয়া (১২০৩)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন